বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ, ঢাকা
(বিচার শাখা)
www.supremecourt.gov.bd

স্মারক নং-১জে-১০/২০১৭(অংশ-১)- ৬৫০৪- জে, তারিখ: ৩১ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ / ১৫ জুলাই ২০২৬ খ্রিস্টাব্দ

**বিষয়: জেলা ও দায়রা জজ আদালত, হবিগঞ্জ-এ কর্মরত "জারীকারক" জনাব মোঃ জালাল উদ্দিন-এর "খাদ্যনালী ক্যানসার (গ্যাস্ট্রো-ইসোফেগাল জাংশন)" চিকিৎসার ব্যয় নির্বাহের নিমিত্ত আর্থিক সাহায্যের আবেদন প্রসঙ্গে।**

সূত্র: জেলা ও দায়রা জজের কার্যালয়, হবিগঞ্জ-এর স্মারক নং ২৩৬ তারিখ-২৯.০৬.২০২৬ খ্রি ,

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, জনাব মোঃ জালাল উদ্দিন ২০০১ খ্রি. সনে ঠাকুরগাঁও নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালে জারীকারক হিসাবে চাকুরিতে যোগদান করেন এবং পরবর্তীতে বদলীসূত্রে হবিগঞ্জ জেলা ও দায়রা জজ আদালতে ২০১৮ খ্রি. সন হতে নিষ্ঠার সহিত জারীকারক পদে চাকুরি করে আসছেন। তিনি বেশ কিছুদিন যাবত যেকোন খাবার গ্রহণ করলেই বমিসহ বিভিন্ন সমস্যা দেখা দিলে ডাক্তার দেখালে আল্ট্রাসনোগ্রামে টিউমার ধরা পড়লে ডাক্তারের পরামর্শ অনুযায়ী বিগত ০৩/০৬/২০২৬ তারিখে অধ্যাপক ডা: রাকিব উদ্দিন (অনকোলজিস্ট) এর শরাণপন্ন হলে তার "খাদ্যনালী ক্যানসার (গ্যাস্ট্রো-ইসোফেগাল জাংশন)" রোগ ধরা পড়ে এবং তার পরামর্শ মতে ০৪/০৬/২০২৬ খ্রি. তারিখে আনোয়ার খান মডার্ন হাসপাতাল লিমিটেড ঢাকায় অনকোলজি বিভাগে ভর্তি হয়ে কেমোথেরাপী ১ম ডোজ গ্রহণ করেন এবং আরও ০৩টি কেমোথেরাপী ডোজ গ্রহণ করার অপারেশন করাতে হবে বলে জানান। উক্ত অপারেশনে সম্ভাব্য ব্যয় ৭,০০,০০০/- (সাত লক্ষ) টাকা বলে হাসপাতাল কর্তৃপক্ষ জানান। উক্ত ৭,০০,০০০/- (সাত লক্ষ) টাকা ব্যয়ভার বহন করা তার মতো একজন নিম্ন বেতনভোগী কর্মচারীর পক্ষে অসম্ভব। এক্ষণে তার এই বিপদের দিনে সকল সহকর্মীদের সহানুভূতি ও সাহায্য খুবই প্রয়োজন । খাদ্যনালী ক্যানসার (গ্যাস্ট্রো-ইসোফেগাল জাংশন)-এর চিকিৎসা বেশ ব্যয়বহুল। চিকিৎসা, ঔষধ , যাতায়াত , খাওয়া-দাওয়া ইত্যাদি ব্যয়ভার নিয়ে তিনি অত্যন্ত উদ্বিগ্ন। তিনি একজন নিম্ন বেতন ভোগী কর্মচারী। চাকুরির বেতন ভাতা ছাড়া তার উপার্জনের আর কোনো উৎস নেই। তার ০১ টি ছেলে সন্তান রয়েছে যে বিশ্ববিদ্যালয়ে স্নাতক অধ্যয়নরত। ফলে তার পক্ষে ব্যয়বহুল এ চিকিৎসা চালিয়ে নেয়া একবারেই অসম্ভব হয়ে পড়ায় সকল বিচার বিভাগীয় কর্মকর্তাবৃন্দ এবং কর্মচারীগণের নিকট চিকিৎসার নিমিত্ত সহায়তা প্রদানের জন্য আকুল আবেদন করেছেন।

০৩। এমতাবস্থায়, **জেলা ও দায়রা জজ আদালত, হবিগঞ্জ-এ কর্মরত "জারীকারক" জনাব মোঃ জালাল উদ্দিন-এর "খাদ্যনালী ক্যানসার (গ্যাস্ট্রো-ইসোফেগাল জাংশন)"** রোগে আক্রান্ত হওয়ায় তাঁর ব্যয়বহুল সুচিকিৎসার জন্য আর্থিক সাহায্যের আবেদনটি বাংলাদেশের প্রতিটি অধস্তন আদালতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। একই সাথে আপনার অধীনস্থ একজন কর্মকর্তা-কে এতদ্‌উদ্দেশ্যে দায়িত্ব প্রদানক্রমে এ সংক্রান্ত কার্যক্রম সমন্বয় করার জন্যও অনুরোধ করা হলো।

সংযুক্তি: ০২(দুই) ফর্দ।

**সাহায্য পাঠানোর ঠিকানা:**
**জনাব মোঃ জালাল উদ্দিন**
**সঞ্চয়ী হিসাব নং-৫৭০৫৯০১০২৯৪২১**
**সোনালী ব্যাংক পিএলসি,**
**হবিগঞ্জ শাখা, হবিগঞ্জ**
**মোবাইল নং-০১৩০২-৭৬০৯৯৩**

**স্বাক্ষরিত/-**

(মুহাম্মদ শরিফুর রহমান)
রেজিস্ট্রার(বিচার)
ফোন: ০২২২৩৩৫৮৭৮০
ই-মেইল: registrar.judicial@supremecourt.gov.bd

স্মারক নং-১জে-১০/২০১৭(অংশ-১)- ৬৫০৪- জে, তারিখ: ৩১আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ / ১৫ জুলাই ২০২৬ খ্রিস্টাব্দ

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। জেলা ও দায়রা জজ,---------------------------------------------------(সকল)।
৩। মহানগর দায়রা জজ, -------------------------------------------------(সকল)।
৪। বিভাগীয় বিশেষ জজ, বিভাগীয় বিশেষ জজ আদালত, --------------------------(সকল)।
৫। বিচারক (জেলা জজ), নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, ------------------(সকল)।
৬। বিচারক (জেলা জজ), জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল,------- ----------(সকল)।
৭। বিচারক (জেলা জজ), দ্রুত বিচার ট্রাইব্যুনাল,---------------------------- (সকল)।
৮। বিচারক (জেলা জজ), সন্ত্রাস বিরোধী বিশেষ ট্রাইব্যুনাল, ---------------------(সকল)।
৯। সদস্য (জেলা জজ), প্রশাসনিক অ্যাপিলেট ট্রাইব্যুনাল, ১৪, আঃ গণি রোড, ঢাকা।
১০। বিচারক (জেলা জজ), শিশু ধর্ষণ অপরাধ দমন ট্রাইব্যুনাল.........................(সকল)।
১১। বিচারক (জেলা জজ), পারিবারিক আপিল আদালত.................................(সকল)।
১২। বিচারক (জেলা জজ), ল্যান্ডসার্ভে আপিল ট্রাইব্যুনাল...............................(সকল)।
১৩। সদস্য (জেলা জজ), প্রশাসনিক ট্রাইব্যুনাল,-------------------------------- (সকল)।
১৪। সদস্য (জেলা জজ), শ্রম আপীল ট্রাইব্যুনাল, ঢাকা।
১৫। চেয়ারম্যান (জেলা জজ), শ্রম আদালত, ------------------------------------ (সকল)।
১৬। স্পেশাল জজ (জেলা জজ), স্পেশাল জজ আদালত ------------------------------ (সকল)।
১৭। বিচারক (জেলা ও দায়রা জজ), মানব পাচার অপরাধ দমন ট্রাইব্যুনাল, ...............(সকল)।

প্রযোজ্য ক্ষেত্রে প্রশাসনিক নিয়ন্ত্রণে কর্মরত সকল বিচার বিভাগীয় কর্মকর্তাকে বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের

১৮। বিচারক (জেলা জজ), সাইবার ট্রাইব্যুনাল, ........................................................................ (সকল)।
১৯। বিচারক ( জেলা জজ), পরিবেশ আপীল আদালত, ঢাকা ।
২০। সদস্য (জেলা জজ), কাস্টমস এক্সসাইজ ও ভ্যাট আপীলাতট্রাইব্যুনাল,........................ (সকল)।
২১। চেয়ারম্যান (জেলা জজ), ১ম/২য় কোর্ট অব সেটেলমেন্ট, সেগুন বাগিচা, ঢাকা ।
২২। চেয়ারম্যান (জেলা জজ), নিম্নতম মজুরী বোর্ড, তোপখানা রোড, ঢাকা।
২৩। বিচারক (জেলা জজ), স্পেশাল ট্রাইব্যুনাল, সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, ঢাকা।
২৪। সচিব (জেলা জজ), বাংলাদেশ বার কাউন্সিল, রমনা, ঢাকা।
২৫। সদস্য (জেলা জজ), ট্যাকসেস অ্যাপীলেট ট্রাইব্যুনাল, দ্বৈত বেঞ্চ-৫, ঢাকা।
২৬। পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা, ১৪৫, বেইলী রোড, ঢাকা ।
২৭। সচিব, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়, ১৫, কলেজ রোড, ঢাকা ।
২৮। রেজিস্ট্রার, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, পুরাতন হাইকোর্ট ভবন, ঢাকা।
২৯। পরিচালক (প্রশাসন), বিচার প্রশাসন প্রশিক্ষণ ইন্সটিটিউট, ১৫, কলেজ রোড, ঢাকা।
৩০। সচিব, আইন কমিশন, ১৫, কলেজ রোড, ঢাকা।
৩১। মহা-পরিচালক (লিগ্যাল এন্ড প্রসিকিউশন), দুর্নীতি দমন কমিশন, সেগুন বাগিচা, ঢাকা।
৩২। মহা-পরিদর্শক, (নিবন্ধন), নিবন্ধন অধিদপ্তর, ১৪, আঃ গণি রোড, ঢাকা।
৩৩। যুগ্ম সচিব (আইন), নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৩৪। যুগ্ম সচিব (আইন প্রণয়ন), বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৩৫। আইন উপদেষ্টা, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৩৬। আইন উপদেষ্টা (জেলা জজ), কাস্টমস হাউস, চট্টগ্রাম।
৩৭। উপ-সচিব (লিগ্যাল), প্রশাসন বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৩৮। পরিচালক (অভিযোগ ও তদন্ত), জাতীয় মানবাধিকার কমিশন, ঢাকা।
৩৯। আইন কর্মকর্তা, পুলিশ হেডকোয়ার্টারস, ঢাকা।
৪০। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট,-----------------------------------------------------------(সকল)।
৪১। চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট,--------------------------------------------------------(সকল)।
৪২। আইন কর্মকর্তা, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪৩। আইন কর্মকর্তা, বর্ডার গার্ড বাংলাদেশ, ঢাকা।
৪৪। রেজিস্ট্রার, প্রশাসনিক আপীল ট্রাইব্যুনাল/শ্রম আপীল ট্রাইব্যুনাল......................(চেয়ারম্যান মহোদয় সমীপে উপস্থাপনের অনুরোধসহ)।
৪৫। আইন কর্মকর্তা, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।
৪৬। রেজিস্ট্রার, পার্বত্য চট্টগ্রাম ভূমি বিরোধ নিস্পত্তি কমিশন, খাগড়াছড়ি।
৪৭। মাননীয় প্রধান বিচারপতির সচিব/একান্ত সচিব, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৪৮। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪৯। অফিস কপি।

২৫.০৭.২৬

(এস.এম.সাদাকাত মাহমুদ)
সহকারী রেজিস্ট্রার(বিচার)
ফোন: ০২৫৫১১০৪৯৪

রেজিস্ট্রার জেনারেল এর কার্যালয়
প্রাপ্তি নং- ২৬৬৯৪ তারিখ- 02 JUL 20
অতি জরুরী/জরুরী/প্রয়োজনীয় ব্যবস্থা নিন/উপস্থাপন করুন/সংশ্লিষ্ট নথিতে দিন/সকল কর্মকর্তা-কর্মচারীকে অবহিত করুন/রক্ষা করুন।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ও দায়রা জজ এর কার্যালয়
হবিগঞ্জ

স্মারক নং ২৬৬ তারিখঃ ২৯.০৬.২০২৩খ্রিঃ

প্রেরকঃ সিনিয়র জেলা ও দায়রা জজ হবিগঞ্জ

প্রাপকঃ মাননীয় রেজিস্ট্রার জেনারেল
বাংলাদেশ সুপ্রীম কোর্ট
ঢাকা

বিষয়ঃ হবিগঞ্জ জজশীপের নেজারত শাখায় কর্মরত জারীকারক জনাব মোঃ জালাল উদ্দিন- এর **"খাদ্যনালী ক্যানসার (গ্যাস্ট্রো-ইসোফেগাল জাংশন)"** চিকিৎসার লক্ষে ৬৪ টি জেলার বিচার বিভাগে কর্মরত তার সহকর্মী ভাই বোনের কাছে আর্থিক অনুদান/সাহায্যের আবেদনপত্রখানা অগ্রবর্তীকরণ প্রসঙ্গে

মহোদয়,

যথাযথ সম্মান প্রদর্শনপূর্বক হবিগঞ্জ জজশীপের নেজারত শাখায় কর্মরত জারীকারক জনাব মোঃ জালাল উদ্দিন- এর **"খাদ্যনালী ক্যানসার (গ্যাস্ট্রো-ইসোফেগাল জাংশন)"** চিকিৎসার লক্ষে ৬৪ টি জেলার বিচার বিভাগে কর্মরত তার সহকর্মী ভাই বোনের কাছে আর্থিক অনুদান/সাহায্যের স্ব-ব্যাখ্যায়িত আবেদনপত্রখানা সকল জেলার বিজ্ঞ জেলা ও দায়রা জজ/সমমর্যাদার বিচারক/চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেটগণের বরাবর অগ্রগামীকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের নিমিত্তে অগ্রবর্তী করা হলো।

(মোহাঃ বজলুর রহমান)
সিনিয়র জেলা ও দায়রা জজ হবিগঞ্জ
সার্ভিস আইডি- ২০০৬২০২০১৫
(গ্রেডেশন নং-২২০)

সংযুক্ত
১। মোট- ০৫ ফর্দ

বরাবর
মাননীয় সিনিয়র জেলা জজ বাহাদুর
হবিগঞ্জ

বিষয়ঃ নেজারত শাখায় কর্মরত জারীকারক জনাব মোঃ জালাল উদ্দিন- এর **"খাদ্যনালী ক্যানসার (গ্যাস্ট্রো-ইসোফেগাল জাংশন)"** চিকিৎসার লক্ষে ৬৪ টি জেলার সহকর্মী ভাই বোনের কাছে আর্থিক অনুদান/সাহায্যের আবেদন।

আমার সহকর্মী ভাই বোনেরা, আমার সালাম গ্রহন করিবেন।

আমি ২০০১ খ্রিঃ সনে ঠাকুরগাঁও নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালে জারীকারক হিসাবে চাকুরীতে যোগদান করি এবং পরবর্তীতে বদলীসূত্রে হবিগঞ্জ জেলা ও দায়রা জজ আদালতে ২০১৮ খ্রিঃ সন হইতে নিষ্ঠার সহিত জারীকারক পদে চাকুরী করে আসতেছি। আমি বেশ কিছুদিন যাবৎ যেকোন খাবার গ্রহন করলেই বমিসহ বিভিন্ন সমস্যা দেখা দিলে ডাক্তার দেখালে আল্ট্রাসনোগ্রামে টিউমার ধরা পড়লে ডাক্তারের পরামর্শ অনুযায়ী বিগত ০৩/০৬/২০২৬খ্রিঃ তারিখে অধ্যাপক ডাঃ রাকিব উদ্দিন (অনকোলজিস্ট) স্যারের শরণাপন্ন হলে আমার "খাদ্যনালী ক্যানসার (গ্যাস্ট্রো-ইসোফেগাল জাংশন)" রোগ ধরা পড়ে এবং উনার পরামর্শ মতে ০৪/০৬/২০২৬খ্রিঃ তারিখে আনোয়ার খান মডার্ন হাসপাতাল লিমিটেড ঢাকায় অনকোলজি বিভাগে ভর্তি হয়ে কেমোথেরাপী ১ম ডোজ গ্রহন করি এবং আরও ০৩টি কেমোথেরাপী ডোজ গ্রহন করার পর অপারেশন করাতে হবে বলে জানান। উক্ত অপারেশনে সম্ভাব্য ব্যয় ৭,০০,০০০/-(সাত লক্ষ) টাকা হবে বলে হাসপাতাল কর্তৃপক্ষ আমাকে জানায়। উক্ত ৭,০০,০০০/-(সাত লক্ষ) টাকা ব্যয়ভার বহন করা আমার মতো একজন নিম্ন বেতনভোগী কর্মচারীর পক্ষে অসম্ভব।

এক্ষনে আমার প্রিয় সহকর্মী ভাই/বোনদের কাছে আমার বিনীত আকুল আবেদন এই যে, আমার এই বিপদের দিনে আপনারা আমার পাশে থাকবেন। আপনাদের সহানুভূতি ও সাহায্য আমার খুবই প্রয়োজন। কারন, "খাদ্যনালী ক্যানসার (গ্যাস্ট্রো-ইসোফেগাল জাংশন)" - এর চিকিৎসা বেশ ব্যয়বহুল। চিকিৎসা, ঔষধ, যাতায়াত, খাওয়া-দাওয়া ইত্যাদি ব্যয়ভার নিয়ে আমি অত্যন্ত উদ্বিগ্ন। আমি একজন নিম্ন বেতন ভোগী কর্মচারী। চাকুরীর বেতন ভাতা ছাড়া আমার উপার্জনের আর কোন উৎস নাই। আমার ০১ টি ছেলে সন্তান রয়েছে যে বিশ্ববিদ্যালয়ে স্নাতক অধ্যয়নরত। আমি আপনাদের কাছে দোয়া মহান আল্লাহতালার রহমত এবং আর্থিক সহযোগীতা কামনা করি যাতে আমি সুস্থ স্বাভাবিক জীবনে ফিরে কর্মস্থলে নিয়মিত দায়িত্ব পালন ও পরিবারকে নিয়ে নিরাপদ জবিনযাপন করতে পারি।

তাই আমার প্রানপ্রিয় সহকর্মী ভাই/বোনদের নিকট আকুল আবেদন যে, আমার এই চরম বিপদের দিনে আপনারা আমাকে আর্থিক সাহায্য ও সহানুভূতি দিয়ে আপনাদের কৃতজ্ঞাপাশে আবদ্ধ করবেন। আপনারা সকলে ভাল থাকুন, সুস্থ থাকুন। আল্লাহ হাফেজ। আসসালামু আলাইকুম।

বিনীত

মো: জালাল উদ্দিন

(মোঃ জালাল উদ্দিন)
জারীকারক
নেজারত শাখা
জেলা ও দায়রা জজ আদালত, হবিগঞ্জ

**সাহায্য পাঠানোর ঠিকানাঃ**
মোঃ জালাল উদ্দিন
হিসাব নং- **৫৭০৫৯০১০২৯৪২১**
সোনালী ব্যাংক পিএলসি
হবিগঞ্জ শাখা, হবিগঞ্জ
বিকাশ নাম্বারঃ **০১৩০২-৭৬০৯৯৩**